রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ডিসেম্বর ৫, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**সাধারণ আদেশ**

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ /২০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ১০(দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে পরিশোধকরণ।**

**নং ৬/ মূসক/২০২৩/৩২৭**—যেহেতু,অনলাইন নির্ভর আধুনিক ভ্যাট ব্যবস্থা গড়িয়া তোলার কার্যক্রম চলমান রহিয়াছে; এবং

যেহেতু, আধুনিক ই-পেমেন্ট বা এ-চালান পদ্ধতি ব্যবহার করিয়া ব্যবসায়ীগণ নির্বিঘ্নে দ্রুততম সময়ে রাজস্ব পরিশোধ করিতে পারিবেন এবং ইহার মাধ্যমে সরকারী কোষাগারে রাজস্ব জমা নিশ্চিত হইবে;

যেহেতু, ডিজিটাল পেমেন্ট ব্যবস্থা অধিক অন্তর্ভক্তিমূলক ও কার্যকর করিবার মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ের মধ্যে মূসক জমা প্রদান ও জাল-জালিয়াতি রোধ নিশ্চিত করা সম্ভব;

সেহেতু, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, কোন নির্দিষ্ট কর মেয়াদে কোন প্রতিষ্ঠানের নীট প্রদেয় মূসকের পরিমাণ ১০ (দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হইলে উক্ত ক্ষেত্রে যেই পরিমাণ মূসক ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধযোগ্য হয়, সেই পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে জমা প্রদান বাধ্যতামূলক করিল।

২। ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত সাধারণ আদেশ নং-১১/মূসক/ ২০২১ এতদ্বারা ৩১ শে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ হইতে রহিত করা হইলো।

৩। এ আদেশ ১লা জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**

সদস্য (মূসক নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০